

সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৬/ ২৯০

২৯ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ এর এইচ. এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭ এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি সংক্রান্ত আদেশের বিষয়ে স্পষ্টিকরণ প্রসঙ্গে।

সূত্র: (ক) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ৫৮/২০২৬/কাস্টমস/৫৫৪, তারিখ: ২৯/১০/২০২৬।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ৫৪/২০২৬/কাস্টমস/৫৪০, তারিখ: ০৮/১০/২০২৬।
(গ) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং ০৮.০১.০০০০.০০০.০৯১.৩৩.০০০২.২৪.৪১২, তারিখ: ১৪/১০/২০২৬।
(ঘ) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬।

সম্মানিত সদস্যগণ আপনারা সকলে অবগত আছেন যে, স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং প্রকৃত রপ্তানিকারকদের কাঁচামাল প্রাপ্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড হতে এইচ. এস. কোড হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭ এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার করে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি সুবিধা প্রদান করা হয়েছে।

বিজিএমইএ হতে উক্ত নির্দেশনার কার্যক্রম রহিত করে পূর্বের ন্যায় বন্ডের আওতায় সুতা আমদানির সুবিধা বহাল করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডে প্রচেষ্টা চালানো হচ্ছে এবং উক্ত আদেশ বাতিলের পূর্ব পর্যন্ত যাতে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে সুতা আমদানি করে রপ্তানি কার্যক্রম চলমান থাকে সেই লক্ষ্যেও বিজিএমইএ এর পরিচালনা পর্ষদ কাজ করছে।

বিভিন্ন সদস্য প্রতিষ্ঠানের মাধ্যমে জানা যায় যে, সুয়েটার রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ ডাবল-প্লাই (২/২০, ২/৩০, ২/৪০ ইত্যাদি) সুতা আমদানি করে থাকে। কিন্তু কাস্টমস কর্তৃপক্ষ উক্ত ডাবল প্লাই সুতাকে সিঙ্গেল কাউন্টের সুতা হিসেবে বিবেচনা করে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে খালাসের নির্দেশনা প্রদান করছে। বিজিএমইএ হতে উক্ত জটিলতা নিরসণের জন্য পত্র দেয়া হয় এবং গত ২৮/১০/২০২৬ইং তারিখে বিজিএমইএ এর প্রতিনিধি দল জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সাথে সভা করে।

বিজিএমইএ এর অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে সুয়েটার তৈরির জন্য আমদানিকৃত ডাবল প্লাই সুতা কে সিঙ্গেল কাউন্ট হিসেবে বিবেচনা না করার নিমিত্তে ১০-৩০ কাউন্টের কটন সুতা বলতে সিঙ্গেল কাউন্টের কটন সুতাকে বুঝাবে উল্লেখ করে সূত্রোক্ত 'ক' আদেশ জারি করেছে।

আরো উল্লেখ্য যে, সূত্রোক্ত সকল আদেশ ও স্মারকের মাধ্যমে ব্যাংক গ্যারান্টি দাখিলের বিপরীতে সুতা আমদানি সুবিধা বহাল রয়েছে। আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত সকল নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব

Shahinur-customs

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[আদেশ]

আদেশ নং- ৫৮/২০২৬/কাস্টমস/৫৫৪

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩
২৯ অক্টোবর ২০২৬

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি সংক্রান্ত আদেশের বিষয়ে স্পষ্টিকরণ।

- সূত্র: (১) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি।
(২) জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫৪/২০২৬/কাস্টমস/৫৪০, তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, টেক্সটাইল শিল্পের বিদ্যমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১ম সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং প্রকৃত রপ্তানিকারকদের কীচামাল প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি. এর মাধ্যমে বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতায় ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ওয়ারহাউস লাইসেন্সধারী প্রকৃত রপ্তানিকারকগণকে ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানির সুযোগ প্রদান করা হয়। পরবর্তীতে, জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৫৪/২০২৬/কাস্টমস/৫৪০, তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি. এর মাধ্যমে আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭/০৯/২০২৬ খ্রি. সংশোধন করা হয়।

২। এতদ্বারা জানানো যাচ্ছে যে, উক্ত আদেশদ্বয়ে বর্ণিত ১০-৩০ কাউন্টের কটন সুতা বলতে ১০-৩০ সিশোল কাউন্টের কটন সুতাকে বুঝাবে।

৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে



[কাজী রায়হানুজ্জামান]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫-১২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।
- ১৩-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ৩০-৩৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৩৫। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ৩৬-৩৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ৪০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশের আলোকে Asycuda World System-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ৪১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

[আদেশ]

আদেশ নং- ৫৪/২০২৬/কাস্টমস/৫৪০

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩
০৮ অক্টোবর ২০২৬

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফের এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টির মাধ্যমে আমদানির সুবিধা প্রদান সংক্রান্ত আদেশ নং- ৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ-এর সংশোধন।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত আদেশ নং-৫১/২০২৬/কাস্টমস/৫১৯, তারিখ: ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ নিম্নরূপভাবে সংশোধন করা হলো, যথা:

- ১। উক্ত আদেশে উল্লিখিত “জাহাজীকরণকৃত” শব্দের পরিবর্তে “স্থাপিত অথবা উক্ত তারিখের পূর্বে সংশোধিত এলসি (LC)-এর মাধ্যমে আমদানিকৃত” শব্দসমূহ ও বন্ধনী প্রতিস্থাপিত হবে।
- ২। উক্ত আদেশের অন্যান্য শর্ত ও বিধান অপরিবর্তিত থাকবে।
- ৩। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে



[কাজী রায়হানুজ্জামান]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫-১২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।
- ১৩-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ৩০-৩৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৩৫। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ৩৬-৩৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ৪০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশের আলোকে Asycuda World System-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ৪১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ৪২। সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
- ৪৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), লেভেল-৬, ইউটিসি ভবন, পাঞ্চপথ, কাওরান বাজার, ঢাকা।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা
নগর, ঢাকা-১২০৭
আইসিটি অনুবিভাগ
<https://nbr.gov.bd>



স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৯১.৩৩.০০০২.২৪.৪১২

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ৫১/২০২৬/কাস্টমস/৫১৯; ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো। সুত্রোক্ত আদেশের প্রেক্ষিতে HS Code Heading 5205, 5206 ও 5207-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানির ক্ষেত্রে বন্ড (IM7) সুবিধা প্রত্যাহার করা হয়েছে। এমতাবস্থায়, ASYCUDA World System-এ বন্ড (IM7) সুবিধায় বর্ণিত কাউন্টের কটন সুতার বিল অব এন্ট্রি দাখিল বারিত করা হয়েছে। তবে, HS Code Heading 5205, 5206 ও 5207-এর আওতাধীন ১০-৩০ কাউন্ট ব্যতিত অন্যান্য কাউন্টের সুতা বন্ড (IM7) সুবিধায় আমদানি ও বিল অব এন্ট্রি দাখিলের লক্ষ্যে CPC G35 সৃজন করা হয়েছে অর্থাৎ CPC G35 ব্যবহার করে ১০-৩০ কাউন্ট ব্যতিত অন্যান্য কাউন্টের সুতা আমদানির লক্ষ্যে ASYCUDA World System-এ বিল অব এন্ট্রি দাখিল করা যাবে। CPC G35 প্রয়োগকালে অনুমোদিত কাউন্টের বিষয়টি নিশ্চিতপূর্বক শুদ্ধায়ন সম্পন্ন করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

K. M. Ziaul Haque

১৪-১০-২০২৬

কাজী মুহাম্মদ জিয়াউল হক

সিস্টেম ম্যানেজার

ফোন : ০২২২২২১৭৮০২

ইমেইল : zia@nbr.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৩। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ভোমরা।
- ৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর) ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ৫। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ৬। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যাগণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

AP - Delnato
SSA-1/1
22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]



[আদেশ]

আদেশ নং- ৫১/২০২৬/কাস্টমস/৫১৯

তারিখ: ২৩ ডায় ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানি।

টেক্সটাইল শিল্পের বিদ্যমান সমস্যা পর্যালোচনা ও সমাধানের লক্ষ্যে গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ১ম সভা গত ২০/০৮/২০২৬ খ্রি. তারিখে মাননীয় বাণিজ্য মন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার এবং ব্যাংক গ্যারান্টি দাখিলের মাধ্যমে আমদানির সুযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে স্থানীয় শিল্পের স্বার্থ সংরক্ষণ এবং প্রকৃত রপ্তানিকারকদের কীচামাল প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলাদেশ কাস্টমস ট্যারিফ-এর এইচ.এস. হেডিং ৫২০৫, ৫২০৬ ও ৫২০৭-এর আওতাধীন ১০-৩০ কাউন্টের কটন সুতা আমদানিতে বন্ড সুবিধা প্রত্যাহার করা হলো এবং ওয়ারাহাউস লাইসেন্সধারী প্রকৃত রপ্তানিকারকগণকে নিম্নোক্ত শর্তে উক্ত সুতা আমদানির সুযোগ প্রদান করা হলো:

- বিজিএমইএ/বিকেএমইএ/বিটিএমএ-এর প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে দাখিল করতে হবে;
- আমদানি পর্যায়ে প্রযোজ্য শুল্ক ও করের সমপরিমাণ নিঃশর্ত ও অব্যহত ব্যাংক গ্যারান্টি সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে দাখিল করতে হবে; এবং
- খালসকৃত কীচামাল দ্বারা প্রভুতকৃত পণ্য সম্পূর্ণরূপে রপ্তানি হওয়া সাপেক্ষে সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে উক্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্তযোগ্য হবে।

২। কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২৬৬ এ প্রদত্ত ক্ষমতাবলে জারিকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। তবে, এ আদেশ জারির তারিখের পূর্বে জাহাজীকরণকৃত পণ্যচালানের ক্ষেত্রে এ আদেশ প্রযোজ্য হবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

[কাজী রায়হানুজ্জামান]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ এবং মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
- ২-৪। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
- ৫-১২। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/আইসিডি, চট্টগ্রাম/পানগাঁও/ডোমরা।
- ১৩-২৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা = (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/খুলনা/যশোর/সিলেট/রাজশাহী/রংপুর/কুমিল্লা/নারায়ণগঞ্জ/গাজীপুর/বরিশাল/ময়মনসিংহ/কক্সবাজার।
- ২৯। কমিশনার, ইকোনমিক জোন কমিশনারেট, ঢাকা।
- ৩০-৩৩। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যাগণ পরিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
- ৩৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ৩৫। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
- ৩৬-৩৯। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
- ৪০। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশের আলোকে Asycuda World System-এ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশের অনুরোধসহ)।
- ৪১। সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিজিএমইএ), বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ৪২। সভাপতি, বাংলাদেশ নিটওয়ার ম্যানুফ্যাকচারার্স এবং এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।
- ৪৩। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস অ্যাসোসিয়েশন (বিটিএমএ), লেডেল-৬, ইউটিসি ভবন, পাছপথ, কাওরান বাজার, ঢাকা।